

ভোনের কাগজ

তারিখ	.....
স্থান	.....

## গফরগাঁওয়ে প্রাথমিক স্কুল কমিটির প্রাক্তন সভাপতি

খুন

ময়মনসিংহে প্রতিদিন : গফরগাঁও উপজেলার রৌহা গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয়, কমিটির সাবেক সভাপতি ফজলু বা (৫০) খুন হয়েছেন। ছাত্রছাত্রীদের মাঝে গম বিতরণ সংক্রান্ত সভায় বাক-বিতণ্ডার জের হিসেবে গত সোমবার রাতে এ খুনের ঘটনা ঘটে।

পুলিশ জানায়, গত সোমবার দুপুরে রৌহা প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের মাঝে গম বিতরণ ● গফর-পৃষ্ঠা ১১ কলাম ৬

## গফরগাঁওয়ে প্রাথমিক স্কুল

● প্রথম পাতার পর

সংক্রান্ত এক সভায় স্কুল কমিটির বর্তমান সভাপতি হারুন খাঁর সঙ্গে সাবেক সভাপতি ফজলু খাঁর বাক-বিতণ্ডা হয়। এ সময় ফজলু খাঁ সভা শেষ না করেই নিজ বাড়িতে চলে আসেন। এর পর ফজলু খাঁ বিকালে নিজ বাড়ি চাকুয়া থেকে খুনের বাড়ি বাড়িহাটি গ্রামে যাওয়ার পথে রৌহা গ্রামে বর্তমান সভাপতি হারুন খাঁর নেতৃত্বে তার দলবল ফজলু খাঁর ওপর হামলা চালায়। তাদের বেদম প্রহারে সন্দেহহীন ফজলু খাঁর রাতে মৃত্যু ঘটে। এ ঘটনায় নিহতের পুত্র বাদী হয়ে গফরগাঁও মানায় একটি হত্যার মামলা দায়ের করেছেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ অভিযুক্ত কাউকে মেত্রার করতে পারেনি।